



বাংলাদেশ দূতাবাস, বুখারেস্ট
Embassy of Bangladesh, Bucharest



প্রেস বিজ্ঞপ্তি

রোমানিয়ায় যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন

বুখারেস্ট, ১১ জানুয়ারি ২০২১:

রোমানিয়ায় বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়। করোনা পরিস্থিতি বিবেচনায় স্বল্প পরিসরে সামাজিক দূরত্ব মেনে দিবসটি উদযাপিত হয়। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ দাউদ আলী এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত একটি ভিডিও প্রদর্শন করা হয়।

সভাপতির বক্তব্যে মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ দাউদ আলী জাতির পিতার ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি ও সেই সাথে মুক্তিযুদ্ধের সকল শহীদ এবং মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জানান এবং দিবসটির তাৎপর্য তুলে ধরেন। তিনি মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধের মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনাকে ধারণ করে তাঁর কাঙ্ক্ষিত স্বপ্নের সোনার বাংলা গড়ার অভিযাত্রায় অংশগ্রহণে সকলের প্রতি উদাত্ত আহ্বান জানান। পরিশেষে, প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্স প্রেরণ ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রুপকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক সহযোগিতার আহ্বান জানান। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে আগামীতে ঐতিহাসিক এই দিবসের অনুষ্ঠান উৎসব মুখর পরিবেশে করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতাসহ ১৫ আগস্টে শাহাদতবরণকারী সকল সদস্য, জাতীয় চার নেতা, ত্রিশ লক্ষ শহীদগণের প্রতি আবারও বিনম্র শ্রদ্ধা জানানো হয়। সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন দূতালয় প্রধান ও তৃতীয় সচিব জনাব মোঃ আবু বকর। অনুষ্ঠান শেষে উপস্থিত সবাইকে আপ্যায়ন করা হয়।

